রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০০৯/৩০শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনগুলি ১৪ই জুলাই, ২০০৯ (৩০শে আষাঢ়, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনগুলি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০০৯ সনের ৪২ নং আইন

## Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নেবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ord. No. LVII of 1976) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Public Servants (Marriage with Foreign Nationals) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২ জুলাই, ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।



মূল্য ঃ টাকা ২.০০

২। **Ordinance No. LVII of 1976 এর Section 2 এর সংশোধন।**—Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ordinance No. LVII of 1976), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর Section 2 এর Clause (e) বিলুপ্ত হইবে।

৩। **Ordinance No. LVII of 1976 এর Section 3 এর সংশোধন।**—উক্ত Ordinance এর Section 3 এর পরিবর্তে নিম্নরূপ Section 3 প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"3. **Restriction on marriage with foreign nationals.**—(1) A Public servant shall not marry or promise to marry a foreign national except with the permission granted under sub-section (2).

(2) The President may, on an application made in this behalf, grant a public servant permission to marry or promise to marry a foreign national.

(3) A public servant who contravenes the provision of sub-section (1) shall, notwithstanding anything contained in any other law or in the terms and conditions of his service, be liable to be removed from service."

৪। **হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।**—(১) Public Servants (Marriage with Foreign Nationals) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৩৬ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, দ্বারা সংশোধিত Public Servants (Marriage with Foreign Nationals) Ordinance, 1976 (Ord. No. LVII of 1976), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশ এর কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

## ২০০৯ সনের ৪৩ নং আইন

### Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Public Servants (Dismissal on Conviction) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) ইহা ০১ জুন ২০০৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Ordinance No. V of 1985 এর SCHEDULE এর সংশোধন।**— Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985) এর SCHEDULE এ উল্লেখিত "Six months" শব্দগুলির পরিবর্তে "one year" শব্দগুলি এবং "one thousand taka" শব্দগুলির পরিবর্তে "ten thousand taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।**—(১) Public Servants (Dismissal on Conviction) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৩৮ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লেখিত, দ্বারা সংশোধিত Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এ দফা (২) এর বিধান অনুসারে উক্ত অধ্যাদেশ এর কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইন দ্বারা সংশোধিত উক্ত Ordinance এর অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।

আশফাক হামিদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd